

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৭২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - রুকু'

# بَابُ الرُّكُوْع

#### আরবী

وَعَنْهَا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ: «سُبُّوحٌ قُدُّوسٌ رب الْمَلَائِكَة وَالروح» . رَوَاهُ مُسلم

#### বাংলা

৮৭২-[৫] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম রুকূ' ও সাজদায় বলতেন, ''সুব্বুহুন কুদ্পুনুন রব্বুল মালা-য়িকাতি ওয়াররহ'' মালাক ও রহ জিবরীলের রব অত্যন্ত পবিত্র, খুবই পবিত্র। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৮৭, আবূ দাউদ ৮৭২, আহমাদ ২৪০৬৩, সহীহ ইবনু হিব্বান ১৮৯৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (سُبُوْرَ) দ্বারা উদ্দেশ্য আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলা সকল প্রকার দোষ-ক্রটি ও অংশীদারিত্ব হতে মুক্ত এবং যা তার উলূহিয়্যাত বা উপাসনার শানে প্রযোজ্য নয়।

(قُدُّوْسٌ) দ্বারা উদ্দেশ্য তিনি পূত-পবিত্র ঐ সকল বস্তু হতে যা সৃষ্টিকর্তার মর্যাদার শানে প্রযোজ্য না।

যার সংক্ষেপ অর্থ দাঁড়ায় আমার রুক্ 'সিজদা (সিজদা/সেজদা) সে মহান পূত-পবিত্র সন্তার জন্য যে সকল প্রকার সৃষ্টির গুণাবলী হতে মুক্ত।

(وَالرُّوْحِ) দ্বারা উদ্দেশ্য জিবরীল (আঃ) , যেমনটি আল্লাহ বলেনঃ



يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ وَالْمَلَائِكَةُ صَفًّا

''যেদিন জিবরীল (আঃ) এবং মালায়িকাহ্ (ফেরেশতাগণ) সারিবদ্ধভাবে দাঁড়াবেন।'' (সূরাহ্ আন্ নাবা ৭৮ : ৩৮)

نَزَلَ بِهِ الرُّوْحُ الأَمِيْنُ

''বিশ্বস্ত মালাক (ফেরেশতা) একে নিয়ে অবতরণ করেছে।'' (সূরাহ্ আশ্ শু'আরা ২৬ : ১৯৩)

تَنَزَّلُ المَلَائِكَةُ وَالرُّوْحُ فِيْهَا

"কদরের রাত্রে মালায়িকাহ্ এবং জিবরীল (আঃ) অবতরণ করেন।" (সূরাহ্ আল ক্বদর (কদর) ৯৭ : ৪) হাদীসটি মুসলিম ও আবূ দাউদ নাসায়ী বর্ণনা করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন